



এসাইনমেন্ট (১ম পর্ব) - ২০২০

শ্রেণিঃ সপ্তম

বিষয়ঃ বাংলা ২য় পত্র

সময়ঃ ১ঘন্টা ৩০ মিনিট

* *****

ব্যাকরণ অংশঃ

নিচের প্রশ্নগুলোর উত্তর এক বাক্যে লিখঃ

- ১। ভৌগলিক ব্যবধান বা অঞ্চলভেদে ভাষার যে বৈচিত্র্য দেখা যায় তাকে কী বলে?
- ২। ভাষার বিজ্ঞানসম্মত বিশ্লেষণের শাস্ত্রকে কী বলে?
- ৩। ডঃ মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উদ্ভবকাল কত?
- ৪। কত শতকে বাংলা ভাষার উদ্ভব ঘটে?
- ৫। পাঁচ হাজার বছর পূর্বে ইউরোপের মধ্যভাগে কোন ভাষা প্রচলিত ছিল?
- ৬। ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠা কত সালে?
- ৭। ভাষা কে বিশ্লেষণ করলে কয়টি মৌলিক উপাদান পাওয়া যায়? সেগুলো কী কী?
- ৮। স্পর্শ ধ্বনিগুলোকে যে পাঁচটি ভাগে ভাগ করা হয় এই বিভাগগুলোকে কী বলে?
- ৯। য, র, ল, ব এই চারটি বর্ণ কে কী ধ্বনি বলে এবং কেন?
- ১০। নাসিক্য ধ্বনি কাকে বলে? নাসিক্য ধ্বনি কয়টি ও কী কী?
- ১১। উচ্চারণ বৈশিষ্ট্য অনুসারে ব্যঞ্জনধ্বনি কত ভাগে বিভক্ত ও কী কী?
- ১২। ঘোষধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- ১৩। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?

১৪। ক্রিয়া বিভক্তি কাকে বলে? উদাহরণ দাও।

১৫। কারক কত প্রকার ও কী কী?

১৬। তৎসম সন্ধি কাকে বলে? উদাহরণ দাও।

১৭। সন্ধি কত প্রকার ও কী কী?

১৮। 'উজ্জ্বল' ও 'উদ্ধার' এর সন্ধি বিচ্ছেদ কর।

১৯। 'উপকারীর উপকার স্বীকার করে যে' এবং 'আয় বুঝে ব্যয় করে যে' বাক্য দুইটি কে এক কথায় প্রকাশ কর।

২০। 'গোড়ায় গলদ' বাগধারাটির অর্থ লিখ ও একটি বাক্যে প্রয়োগ কর।

নির্মিত অংশঃ

১। অনুচ্ছেদ লিখঃ

বাংলা নববর্ষ

২। ভাবসম্প্রসারণ করঃ

নানান দেশের নানান ভাষা

বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

৩। সারাংশ লিখঃ

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও, আমি তা বলতে চাই নে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর করো। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বলো। পথের অসহায় মানুষটির দিকে একটু করুণ চাহনি নিষ্ক্ষেপ করো, তাহলেই অনেক হবে। চরিত্রবান, মানবতাসম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন, পরের দুঃখকে ঢেকে রাখতে গৌরববোধ করেন।

৪। আবেদন পত্র লিখঃ

তোমার এলাকায় পাঠাগার স্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যানের নিকট একটি আবেদন পত্র লিখ।